

## পদ্মা সেতুর সাতকাহন

পাশা মোস্তফা কামাল

প্রতি বছর পদ্মাবুকে ঝরতো কতো প্রাণ  
দুঃসহ সেই দুঃখদিনের হবে অবসান।  
শীত গ্রীষ্ম বর্ষাকালে ফেরির অপেক্ষায়  
রাতে দিনে দাঁড়িয়ে থাকা চরম যন্ত্রণায়।

ঈদ পূজোতে লঞ্চডুবিতে ভাঙতো মায়ের বুক  
কান্না চোখে লাশের খোঁজে জনতা উৎসুক।  
কতো যে প্রাণ কেড়ে নিলো পদ্মার উতল ঢেউ  
সেসব পরিবারের খবর রেখেছে কি কেউ?

রাষ্ট্রনায়ক শেখের বেটি মানবতার মা  
তিনি ছাড়া বিয়োগ ব্যথা কেউ তো বোঝে না।  
সাহস করে স্বপ্ন দেখেন পদ্মা করবে জয়  
প্রেরণাতে জাতির পিতা- আর পিছুটান নয়।

নামেন তিনি বুকে নিয়ে জাতির পিতার মন্ত্র  
পেছন থেকে শকুনেরা পাকায় ষড়যন্ত্র।  
বাইন্যা ফকির মিসকিনেরা নোংরা খেলায় মাতে  
রক্তে যাহার শেখ মুজিবুর তার কী হবে তাতে?

সকল বাধা পায়ে দলে অসীম সাহস বুকে  
বাংলা ঝাড়ুর পিটান দিলেন সব শতানের মুখে।  
পদ্মা এখন সেতু তো নয় স্বাধীনতার স্তম্ভ  
বিশ্ব অবাক তাকিয়ে আছে হয়ে হতভম্ব।

মোড়লগিরি তুচ্ছ এখন বাঙালিদের কাছে  
পদ্মাসেতুর রূপ দেখে আজ বীর বাঙালি নাচে।